

বাংলা প্রশ্নপত্র

কোর কোর্স – ষষ্ঠ সিমেন্টার

সময় বেলা ১২-৪টা

পূর্ণমানঃ ৪০

প্রতিটি পত্র থেকে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

ত্রয়োদশ পত্র

যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও। মানঃ ১০

- ১। রবীন্দ্রনাথের *মেঘ ও রৌদ্র* নামটি গল্পটির প্রেক্ষিতে কতখানি উপযুক্ত ব্যাখ্যা কর।
- ২। *পুঁইমাচা* গল্পটি কীভাবে ক্ষেপ্তি এবং একটি পুঁইমাচার সম্পর্ককে ভিত্তি করে দরিদ্র মানুষের আশা আকাঙ্ক্ষা দুঃখের গল্প হয়ে ওঠে ব্যাখ্যা কর।
- ৩। দেবেশ রায়ের *আহ্নিক গতি ও মাঝখানের দরজা* গল্পের প্রকাশকাল বল। গল্পটিতে 'মাঝখানের দরজা' কথাটির তাৎপর্য ব্যাখ্যা কর।

চতুর্দশ পত্র

যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও। মানঃ ১০

- ১। আঞ্চলিক উপন্যাস কাকে বলে এবং বৈশিষ্ট্যগুলি কী? একটি বাংলা আঞ্চলিক উপন্যাসের ব্যাখ্যাসহ দৃষ্টান্ত দাও।
- ২। মহাকাব্য ও গীতিকাব্য কাকে বলে? দৃষ্টান্তসহ এই দুটি সংরূপের পার্থক্য বুঝিয়ে দাও।
- ৩। ট্রাজেডি ও কমেডির সংজ্ঞা লেখ। দৃষ্টান্তসহ এই দুটি সংরূপের পার্থক্য ব্যাখ্যা কর।

পত্র - DSE 3

যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও। মানঃ ১০

- ১। মরীচিকা কাব্যগ্রন্থে কবি যতীন্দ্রনাথ সেনগুপ্তের যে দুঃখবাদী চেতনার পরিচয় পাওয়া যায়, তা কবিতার দৃষ্টান্তসহ আলোচনা কর।
- ২। সুবর্ণলতা উপন্যাসে তৎকালীন সমাজে নারীদের অবস্থান কী ভাবে দেখানো হয়েছে, এবং সেই প্রেক্ষিতে সুবর্ণলতা ব্যতিক্রমী কেন, আলোচনা কর।
- ৩। গণনায়ক ছোটগল্পে স্বাধীনতা পরবর্তী উদ্বাস্তুদের সমস্যা যে ভাবে প্রতিফলিত হয়েছে, তা আলোচনা কর।

পত্র - DSE 4

যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও। মানঃ ১০

- ১। কল্পবিজ্ঞান কাকে বলে? বাংলা কল্পবিজ্ঞান সাহিত্যের একটি সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ২। বাংলা গোয়েন্দা কাহিনীর সূচনা এবং পরিণতি সম্পর্কে একটি সংক্ষিপ্ত আলোচনা কর।
- ৩। বাংলা সাহিত্যক্ষেত্রে চাঁদের পাহাড় উপন্যাস কেন অনন্য, আলোচনা কর।